

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ২৩, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
পুলিশ-৩ শাখা
প্রজ্ঞাপন

তারিখ : ১৯ চৈত্র ১৪২৫/০২ এপ্রিল ২০১৯

নং ৪৪.০০.০০০০.০৯৬.০১.০০২.১৫-১৪৪—ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ (১৮৯৮ খ্রিস্টাব্দের ৫নং আইন) এর ৪ ধারার উপধারা ১ (এস) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতির অধিকতর উন্নয়ন, অপরাধ দমন, এজাহার গ্রহণ ও মামলার তদন্ত কার্যে গতিশীলতা আনয়নের লক্ষ্যে নিম্নোক্ত তফসিলের ৫ম কলামে বর্ণিত থানা হইতে কিছু অংশ বিমুক্তকরণপূর্বক নতুন থানা সৃষ্টি করার পর ২য় কলামে বর্ণিত মৌজাসমূহ লইয়া “গুলশান থানা” পুনর্গঠন করিল :

তফসিল

থানার সীমানা :

রাস্তা : বনানী লেকের পূর্বপাশ হইতে কালা চাঁদপুর কবরস্থান রোড হইয়া নর্দা সরকার বাড়ী হইয়া বসুন্ধরা গেট সংলগ্ন রাস্তার দক্ষিণ পাশ দিয়া বারিধারা সংলগ্ন রাস্তা হইয়া বাঁশতলা রাস্তার উত্তর পাশ দিয়া জামালপুর টাওয়ার সংলগ্ন কবরস্থান রোডে সুবাস্ত্র নজরভ্যালী টাওয়ার হইয়া শাহজাদপুর দক্ষিণ পাড়া হইয়া মরিয়ম টাওয়ার-২ সংলগ্ন বিলপাড় হইয়া শ্যুটিং ক্লাব সংলগ্ন পুলিশ কনকর্ড প্লাজার পশ্চিম পাশ দিয়া নিকেতন লেকের দক্ষিণ পার্শ্ব দিয়া গুলশান ব্রীজের পার্শ্ব দিয়া বনানী গুলশান সংযোগ সেতুর উত্তর পাশ পর্যন্ত।

(১৪৯৬৫)

মূল্য : টাকা ৪.০০

দৃষ্টব্য : বর্ণিত রাস্তা সীমান্ত এবং এ রাস্তার মধ্য দিয়া টানা রেখা সীমান্ত রেখা হিসাবে বিবেচিত হইবে।

ক্রমিক নং	মৌজার নাম	জেএল নম্বর	ওয়ার্ড	বর্তমানে কোন থানার অন্তর্গত
১।	ভোলা	জেএল নং- ২৭৬	ওয়ার্ড নং-১৯ এলাকা : গুলশান-২নং এর চত্বর হয়ে পাকিস্তান দূতাবাস হয়ে ৬১, ৫৫, ৬৭, ৬৮ নং রোড, ইউনাইটেড হাসপাতাল, লেডিস পার্ক, বিএনপির কার্যালয়, মানারত ইউনিভার্সিটি, শাহাব উদ্দিন মেডিক্যাল কলেজ হাসপাতাল, শিকদার মেডিক্যাল কলেজ হাসপাতাল, গ্রামীণ ফোন অফিস, গুলশান-১ নং চত্বর, ভারতীয় দূতাবাস, শ্যুটিং কমপ্লেক্স।	গুলশান থানা
২।	মহাখালী	জেএল নং- ২৭৫	ওয়ার্ড নং-১৮ এলাকা : কালাচাঁদপুর, কালাচাঁদপুর হাইস্কুল, নর্দা, নর্দা সরকার বাড়ী, বারিধারা পার্ক রোড, দূতাবাস এলাকা, আমেরিকান দূতাবাস, ব্রিটিশ দূতাবাস, শাহজাদপুর, সুবাস্ত্র নজরভ্যালী, মরিয়ম টাওয়ার। ওয়ার্ড নং-২০ এলাকা: নিকেতন আবাসিক এলাকার দক্ষিণাংশ।	গুলশান থানা

রাষ্ট্রপতির আদেশক্রমে

তাহমিনা বেগম
উপসচিব।

মোঃ সাখাওয়াত হোসেন, উপপরিচালক (অতি: দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd